গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

নং : ১০.০৭.০০০০.০০১.১৮.০০১.২০২১- ১৩৩

তারিখঃ ১৮ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

**বিষয়ঃ 'সরকারি চাকরি আইন, ২০১৮' এর আওতাভুক্ত কর্মকর্তাগণের সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী সম্পদ বিবরণী দাখিল ও স্থাবর সম্পত্তি অর্জন বা বিক্রয় সংক্রান্ত বিধিসমূহের প্রয়োগ প্রসঙ্গে।**

সূত্রঃ আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৫ এর স্মারক নং ১০.০০.০০০০.১২৯.১৮.১২.১৯(অংশ).৫৬৩, তারিখ: ১৯/০৮/২০২১ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, **'সরকারি চাকরি আইন, ২০১৮'** এর আওতাভুক্ত তাদের নিয়ন্ত্রণকারী প্রশাসনিক মন্ত্রণালয়/দপ্তর/অধিনস্ত/ সংস্থায় কর্মরত সকল সরকারি কর্মকর্তার সম্পদ বিবরণী দাখিল, উক্ত সম্পদ বিবরণীর ডাটাবেজ তৈরি এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে স্থাবর সম্পত্তি অর্জন ও বিক্রয়ের অনুমতি গ্রহণের বিষয়ে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১১, ১২ এবং ১৩ বিধি পুঙ্খানুপুঙ্খভাবে প্রতিপালনের জন্য জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার আওতাধীন অফিসসমূহ-কে অনুরোধ করা হলো।

২। সরকারি কর্মচারী কর্তৃক জমি/বাড়ি/ফ্ল্যাট/সম্পত্তি ক্রয়/অর্জন ও বিক্রয়ের অনুমতির জন্য আবেদনপত্রের নমুনা ফরম এবং বিদ্যমান সম্পদ বিবরণী দাখিলের ছক এতদসঙ্গে প্রেরণ করা হলো।

02/09/2021

**মোঃ হাবিবুর রহমান চৌধুরী**
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সহকারী পরিচালক (প্রশাসন) (ভা:)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
ফোন: ০২-৮৩৩১১৫১(অ:)

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসারের কার্যালয়, ঢাকা।
২। জেলা লিগ্যাল এইড অফিসারের কার্যালয়, ................................. (সকল)।
৩। শ্রমিক আইন সহায়তা সেল, ঢাকা/চট্টগ্রাম।

**অনুলিপি - সদয় জ্ঞাতার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সহকারী পরিচালক (মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৬। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৭। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল/গার্ড ফাইল।